

27 এপ্রিল, 2022

প্রিয় পরিবারবর্গ,

আমাদের স্কুলের কমিউনিটিগুলো স্প্রিং-এর (বসন্তের) ছুটির পর নিরাপদ আছে। আপনাদেরকে ধন্যবাদ COVID-19 হোম টেস্ট ব্যবহারের জন্য যা এই মাসের প্রথম দিকে বিলি করা হয়েছিল। নিউ ইয়র্ক সিটি জুড়ে সংক্রমণ যখন বাড়ছে, আমরা পরবর্তি বিজ্ঞপ্তি না দেওয়া পর্যন্ত প্রতি সপ্তাহে সকল শিক্ষার্থীকে চারটি COVID-19 হোম টেস্ট প্রদান অব্যাহত রাখবো। দুইটি টেস্ট আপনার সন্তানের ব্যবহারের ও দুইটি পরিবারের অপর সদস্যের ব্যবহারের জন্য। অনুগ্রহ করে এসব টেস্ট প্রত্যেক সপ্তাহে ব্যবহার করুন, অন্তত পাঁচ দিনের ব্যবধানে, যদি না COVID-19 লক্ষণ থাকে। অনুগ্রহ করে লক্ষ্য করবেন, ক্লাসরুম কারও সংক্রমণ ধরা পড়লেও আপনার সন্তান দুটি টেস্ট কিট এবং সিচুয়েশন রুম থেকে একটি বিজ্ঞপ্তিপত্র পাবে, এবং পরে সেই সপ্তাহে আরও দুটি টেস্ট কিট পেতে পারে।

আপনার বা আপনার পরিবারের কারও টেস্ট-এর ফলাফল যদি পজিটিভ আসে, আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে 12 বছর ও অধিকতর বয়সী যাদের পজিটিভ এসেছে তাদের জন্য ভাইরাস বিরোধী (অ্যান্টি-ভাইরাল) ঔষধ সহ কার্যকর কোভিড-19 (COVID-19) চিকিৎসা পাওয়া যাচ্ছে। আপনি এসব ঔষধ আপনার ডাক্তার ও স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে পেতে পারেন, অথবা আপনি 212-COVID19 নম্বরে ফোন করে একজন চিকিৎসা পেশাদারের সাথে চিকিৎসার বিকল্পসমূহ নিয়ে আলোচনা করতে পারেন। লক্ষণসমূহ দেখা দেওয়ার পর যত দ্রুত সম্ভব চিকিৎসা শুরু করলে তা ভালো কাজ করে এবং সেটা লক্ষণ হ্রাস করতে ও হাসপাতালে ভর্তি হওয়া এড়াতে সহায়তা করে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে এই ওয়েবপেজ দেখুন [COVID-19: When You Are Sick - NYC Health](https://www.nyc.gov/health/covid-19/when-you-are-sick).

যদি আপনার সন্তানের একটি টেস্টের ফলাফল পজিটিভ আসে তবে আমি কী করবো?

- কিন্ডারগার্টেন এবং এরচেয়ে বেশি বয়সী: অনুগ্রহ করে আপনার স্কুলকে জানিয়ে দিন এবং আপনার সন্তানকে পাঁচ দিনের জন্য বাড়িতে আলাদা (আইসোলেশন) রাখুন। যদি কোনো লক্ষণ না থাকে বা লক্ষণসমূহে উন্নতি হতে থাকে (এর অন্তর্ভুক্ত আছে ওষুধ সেবন ছাড়া 24 ঘণ্টা জ্বরমুক্ত থাকা), তাহলে আপনার সন্তান ষষ্ঠ দিন স্কুলে ফিরে আসতে পারে। আপনার সন্তানের পজিটিভ ফলাফল আসার পর থেকে 10 দিন পর্যন্ত অবশ্যই যথাযথ ফিট হয়, এমন মাস্ক পরতে হবে।
- প্রি-K এবং এরচেয়ে কম বয়সী: অনুগ্রহ করে আপনার স্কুল/প্রোগ্রামকে জানিয়ে দিন এবং আপনার সন্তানকে দশ দিনের জন্য বাড়িতে আলাদা (আইসোলেশন) রাখুন। আপনার সন্তান দশম দিন পর আপনার স্কুলে/প্রোগ্রামে ফিরে আসতে পারে।
- সকল বয়সীর জন্য:
 - অনুগ্রহ করে স্মরণ রাখবেন যে যদি আপনার সন্তানের টেস্ট বা পরীক্ষার ফলাফল পজিটিভ আসে, তবে আলাদা (আইসোলেশন) থাকাকালীন সময় আপনার সন্তানের অযুগপৎ (অ্যাসিঙ্ক্রোনাস) দূর থেকে (রিমোট) শিক্ষা-নির্দেশনা পাবার এবং কার্য সময়ে (অফিস আওয়ারে) যোগাযোগ করার অধিকার আছে।
 - যদি আপনার সন্তানের টেস্ট বা পরীক্ষার ফলাফল পজিটিভ আসে তবে যেসব বাড়তি তথ্য পাওয়া যাবে, সেগুলোর জন্য অনুগ্রহ করে schools.nyc.gov/2022Health -সাইটে অবস্থিত, আমাদের কোভিড-19 (COVID-19) বিষয়ে নির্দেশনার চার্টসমূহ দেখুন।

টেস্ট কিট সংক্রান্ত নির্দেশনা আমি কোথায় পেতে পারি?

- টেস্ট কিটগুলোতে নির্দেশনা মুদ্রিত থাকে, যেগুলো পরীক্ষা বা টেস্ট করার সময় আপনার অনুসরণ করা উচিত। এছাড়াও আপনার টেস্ট কিটটি কীভাবে ব্যবহার করতে হবে, সেবিষয়ে আপনি বহুবিধ ভাষায় ভিডিও schools.nyc.gov/HomeRapidTestKits -সাইটে দেখতে পারেন।

অনুগ্রহ করে নিশ্চিত করবেন যে আপনার সন্তান দৈনিক সুস্থতা যাচাইকরণ সম্পন্ন করে, যা পাওয়া যায় এই ওয়েবপেজ-এ healthscreening.schools.nyc।

স্মরণ করিয়ে দিচ্ছি, কোভিড-19 (COVID-19) রোধে এবং আমাদের স্কুলগুলোকে আমাদের সকল শিক্ষার্থীর জন্য নিরাপদ রাখার সবচেয়ে গুরুত্বপূর্ণ হাতিয়ার হলো টিকাগ্রহণ বা ভ্যাকসিনেশন। 5 এবং এরচেয়ে বেশি বয়সী ছেলেমেয়েরা কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য। যদি আপনার সন্তান কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য হয়ে থাকে কিন্তু এখনও টিকা বা ভ্যাকসিন গ্রহণ করেনি, তবে vaccinefinder.nyc.gov ওয়েবসাইটে কটি অ্যাপয়েন্টমেন্ট করুন অথবা আপনার আশেপাশে একটি টিকাকেন্দ্রের (ভ্যাকসিন সাইটের) খোঁজ পেতে 311 নম্বরে ফোন করুন। অভিভাবক অথবা স্বাস্থ্য বিমার অবস্থা বা স্ট্যাটাস যাই হোক না কেন, সকল নিউ ইয়র্কবাসীকে এই টিকা বা ভ্যাকসিনটি বিনামূল্যে দেয়া হবে।

পুরোপুরি ভ্যাকসিন বা টিকা প্রাপ্ত 12 এবং এরচেয়ে বেশি বয়সী, যারা কমপক্ষে পাঁচ মাসে আগে দুই ডোজ-এর ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ গ্রহণ করেছেন, তাদের জন্য এখন ভ্যাকসিন বুস্টার শট পাওয়া যাচ্ছে। বুস্টার শট সম্পর্কে আরও তথ্যের জন্য www1.nyc.gov/site/doh/covid/covid-19vaccines.page#boost দেখুন।

আপনাদের অব্যাহত অংশীদারিত্বের জন্য ধন্যবাদ।

Dr. Cristina Meléndez

ড ক্রিস্টিনা মেলেনডেজ (Dr. Cristina Meléndez)

এক্সিকিউটিভ ডিরেক্টর

ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট